## গ-গুচ্ছ

৫. বাল্মীকি রামায়ণের প্রথম বাংলা অনুবাদক কে? তাঁর জন্মস্থানের নাম উল্লেখ করো। মূলানুসরণ ও মৌলিকতার দ্বৈতে কৃত্তিবাসী রামায়ণে 'প্রাচীন বাংলা সমাজের হৃদয়' কীভাবে ব্যক্ত হয়েছে, আলোচনা করো।

১+১+১২=১৪

৬. আদি মধ্যযুগের সাহিত্য ধারার তিনটি প্রধান শ্রেণির উল্লেখ করো। চৈতনোত্তর যুগের বাংলা রামায়ণ অনুবাদকদের সম্পর্কে আলোচনাক্রমে ঐ পর্বের রচনা-বৈশিষ্ট্য উল্লেখ করো। ৩+১১=১৪

## ঘ-গুচ্ছ

৭. ময়মনসিংহ গীতিকার পালাগুলোর সংগ্রাহক কে? মনমনসিংহ গীতিকার সম্পাদকের নাম লেখো। ধর্ম ও সমাজ নিরপেক্ষ প্রেমের মহিমা প্রকাশে, ময়মনসিংহ গীতিকা অবিস্মরণীয়। তোমার পঠিত পালাগুলো অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৮. চন্দ্রাবতী শীলায় মোট কতটি পত্রের উল্লেখ আছে? মলুয়ার পিতার নাম কী? প্রেমের রূপায়ণে নির্ভিক চরিত্র হিসেবে মলুয়া তুলনারহিত— আলোচনা করো। ১+১+১২=১৪

## ঙ-গুচ্ছ

৯. কার আদেশে আলাওল 'পদ্মাবতী' কাব্য রচনা করেছেন? থদো-মিন্তার কে ছিলেন? 'পদ্মাবতী' কাব্যে প্রকাশিত আলাওলের পাণ্ডিত্য বিষয়ে আলোচনা করে দেখাও— তা কাব্যের শিল্পকর্ম সাধনে কতটা সহায়ক।

১+১+১২=১৪

১০. মগনঠাকুরের সংক্ষিপ্ত পরিচয় দাও। আলাওলের 'পদ্মাবতী' কাব্যের ঐতিহাসিকতা বিচার করো। ২+১২=১৪

****





# PG Odd Semester Examination, 2022

## BENGALI

(3rd Semester)

Course No.: BNGCC-304 (B)

**(বিশেষ পাঠ : প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য-১)**

*Full Marks: 70*

*Pass Marks: 28*

*Time: 3 hours*

*The figures in the right margin indicate full marks for the question.*

**পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক**

**প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও**

## ক-গুচ্ছ

১. মধ্যযুগের আখ্যানকাব্যের প্রধান ধারাগুলোর পরিচয় দাও। উপযুক্ত দৃষ্টান্তসহ যে-কোনো একটি প্রধান ধারার বৈশিষ্ট্য ও সামাজিক উৎস সম্পর্কে আলোচনা করো। ৩+১১=১৪

২. তুর্কি আক্রমণের সময়কাল উল্লেখ করে সে সময়ে বঙ্গদেশে প্রচলিত ধর্মমতগুলোর পরিচয় দাও। বাংলা সাহিত্যে তুর্কি আক্রমণের প্রভাব ও ফলশ্রুতি নিয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ১২+১+১=১৪

## খ-গুচ্ছ

৩. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে মোট পদ সংখ্যা কত? কাব্যটির প্রকাশকাল উল্লেখ করো। কৃষ্ণচরিত্রের পূর্বাপর বিশ্লেষণে চপল, চটুল, অমানবিক এবং অবিবেচক শ্রীকৃষ্ণের যে পরিচয় পাওয়া যায়, তাতে দেবতা কৃষ্ণ নয়, মানুষ কৃষ্ণে পরিণত করেছে— আলোচনা করো। ১+১+১২=১৪

৪. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কোন অংশটিকে প্রক্ষিপ্ত বলা হয়? এটা কার অভিমত? এই মন্তব্য সমর্থনযোগ্য কিনা— পর্যালোচনা করো। ১+১+১২=১৪